

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৭৪

আগরতলা, ১২ নভেম্বর, ২০২৪

২৯ জানুয়ারি থেকে ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা
শিল্প ও বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে সচিবালয়ে প্রস্তুতি সভা



রাজ্যে ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা আগামী ২৯ জানুয়ারি, ২০২৫ থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে। ১৫ দিনব্যাপী এই মেলা চলবে ১২ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত। আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা'র সভাপতিত্বে অনুষ্ঠিত ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার প্রথম প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা ৩৫তম শিল্প ও বাণিজ্য মেলা সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। মেলায় নতুনত্ব আনার পাশাপাশি সবার সমন্বয়ে মেলাকে আরও আকর্ষণীয় করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরেরে অধিকর্তা বিশ্বশ্রী বি ৩৫-তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলাকে সফল করতে দপ্তরের প্রাক-প্রস্তুতি এবং গৃহীত ব্যবস্থাাদি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করেন। অধিকর্তা জানান, মেলায় সার্ভিস সেক্টর বিশেষ করে তথ্য ও প্রযুক্তি, পর্যটন, আতিথেয়তা, লজিস্টিক ইত্যাদি ক্ষেত্রগুলির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। পাশাপাশি রাজ্যের রাবার, ব্যাষু ক্ষেত্রগুলিকেও মেলায় তুলে ধরা হবে। মেলায় ফুড কোর্ট, থিম প্যাভিলিয়নেরও ব্যবস্থা থাকবে। পাশাপাশি তথ্য ও সংস্কৃতি দপ্তরের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে।

সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য্য সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় ৩৫তম শিল্প ও বাণিজ্য মেলা সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে পরিচালন কমিটি, কার্যকরী কমিটি সহ বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।
